

# পলিটেকনিক শিক্ষার্থীদের আন্দোলন প্রত্যাহার

নিজস্ব প্রতিবেদক

২৭ মে ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

**আমাদের সময়**



ছয় দফা দাবিতে দেড় মাস ধরে চলা আন্দোলন শেষে সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের শিক্ষার্থীরা তাদের কর্মসূচি সম্পূর্ণভাবে প্রত্যাহারের ঘোষণা দিয়েছেন। গতকাল সোমবার সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আয়োজিত এক মতবিনিময় সভায় তারা এ ঘোষণা দেন। সভায় শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব খ ম কবিরুল ইসলামের সঙ্গে কারিগরি ছাত্র আন্দোলন বাংলাদেশের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

UNIBOTS

মন্ত্রণালয়ের সিদ্ধান্তে সন্তুষ্ট জানিয়ে ছাত্রদের প্রতিনিধি শাহজালাল আহমদ বলেন, আমাদের দাবি দ্রুত ও সম্পূর্ণ বাস্তবায়ন হোক, সেটাই প্রত্যাশা। সচিব স্যারের পরামর্শ অনুযায়ীই আমরা চলেছি। তার প্রতি আমাদের সম্মান ছিল, আছে এবং থাকবে। এ সময় সচিব বলেন, শিক্ষার্থীদের

কিছু দাবি ইতোমধ্যেই বাস্তবায়িত হয়েছে, বাকিগুলো প্রক্রিয়াধীন। আমরা শিক্ষার্থীদের সঙ্গে নিয়মিত আলোচনা করেছি। আন্দোলন স্থগিত হওয়ার পর এখন তারা সম্পূর্ণভাবে কর্মসূচি প্রত্যাহার করেছে কিনা, সেটি তারাই জানিয়েছে। পরে শাহজালাল আহমদ বলেন, আমাদের সহপাঠীরা ইতোমধ্যেই ক্লাস ও পরীক্ষায় ফিরেছে। আমরা স্বাভাবিক পরিস্থিতিতে ফিরে এসেছি এবং জনদুর্ভোগ হয়- এমন কোনো কর্মসূচিতে আর যাব না।

মতবিনিময় সভায় আরও উপস্থিত ছিলেন- শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন) শামসুর রহমান, অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মো. সাইফুল ইসলাম, অতিরিক্ত সচিব (কারিগরি) রেহানা ইয়াছমিন, কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক শোয়াইব আহমাদ খান, কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রকৌশলী মো. রুহুল আমিন, আইডিইবির আহ্বায়ক প্রকৌশলী কবির হোসেন, সদস্য সচিব প্রকৌশলী কাজী সাখাওয়াত হোসেন এবং এডুকেশন রিপোর্টার্স অ্যাসোসিয়েশন বাংলাদেশের সভাপতি ফারুক হোসাইন ও সাধারণ সম্পাদক সোলাইমান সালমান। সভায় কারিগরি ছাত্র আন্দোলনের ১২ জন প্রতিনিধিও অংশ নেয়।